

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
(রাজস্ব শাখা)
www.panchagarh.gov.bd

নং-৩১.৫৫.৭৭০০.০১৭.৪৮.০০৯.১৮-৬২৭

তারিখ: ০২ কার্তিক ১৪২৫
১৬ অক্টোবর ২০১৮

পাথর মহাল ইজারার নিমিত্ত দরপত্র বিজ্ঞপ্তি

পঞ্চগড় জেলার ইজারাযোগ্য ১৯ (উনিশ)টি পাথর মহাল ১৪২৬ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। মহালের তফসিল, সরকারি কাঙ্ক্ষিত ইজারামূল্য, সিডিউলের মূল্য, দরপত্রের শর্তাবলী এবং অন্যান্য তথ্য এ কার্যালয়ের ওয়েবসাইটে (www.panchagarh.gov.bd), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) এর ওয়েবসাইটে (www.bomd.gov.bd) এবং রাজস্ব শাখায় পাওয়া যাবে।

দরপত্র (সিডিউল) বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা :

- (১) জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), পঞ্চগড়।
- (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/বোদা/দেবীগঞ্জ।

দরপত্র গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা :

- (১) জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), পঞ্চগড়।
- (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/বোদা/দেবীগঞ্জ।

দরপত্র বিক্রয়/গ্রহণ/দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলা ও দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময়	মন্তব্য
১ম পর্যায়	৩১/১০/২০১৮ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ টা পর্যন্ত	০১/১১/২০১৮ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	০১/১১/২০১৮ খ্রিস্টাব্দ বিকাল ৪.০০ ঘটিকা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন)	যে পর্যায়ের দরপত্র গৃহীত হবে তার পরবর্তী পর্যায়ের বর্ণিত তফসিল বাতিল বলে গণ্য হবে।
২য় পর্যায়	০৭/১১/২০১৮ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ টা পর্যন্ত	০৮/১১/২০১৮ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	০৮/১১/২০১৮ খ্রিস্টাব্দ বিকাল ৪.০০ ঘটিকা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন)	
৩য় পর্যায়	১৪/১১/২০১৮ খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ টা পর্যন্ত	১৫/১১/২০১৮ খ্রিস্টাব্দ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	১৫/১১/২০১৮ খ্রিস্টাব্দ বিকাল ৪.০০ ঘটিকা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন)	


সাবিনা ইয়াসমিন

জেলা প্রশাসক
পঞ্চগড়

ফোন : ০৫৬৮-৬১২০০

ইমেইল : dcpanchagarh@mopa.gov.bd

নং-৩১.৫৫.৭৭০০.০১৭.৪৮.০০৯.১৮-৮২৭(৫০)


তারিখ : ০২ কার্তিক ১৪২৫
২৬ অক্টোবর ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, সেগুনবাগিচা, ঢাকা।

অবগতি ও বহল প্রচারের জন্য :


- ০১। পুলিশ সুপার, পঞ্চগড়।
- ০২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, পঞ্চগড়।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পঞ্চগড়।
- ০৪। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রংপুর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/বোদা/দেবীগঞ্জ।
- ০৬। সহকারী কমিশনার (ভূমি), পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/বোদা/দেবীগঞ্জ।
- ০৭। সহকারী বন সংরক্ষক, পঞ্চগড়।
- ০৮। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়। তাঁকে বর্ণিত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। সভাপতি/সম্পাদক, জেলা পাথর-বালি সমিতি, পঞ্চগড়।
- ১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, , পঞ্চগড়।
- ১১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল, ঢাকা (মাধ্যম : জেলা প্রতিনিধি, পঞ্চগড়)। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় (৩ কলাম X ৭ ইঞ্চি) = ২১ ইঞ্চি ০১ (এক) দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।
- ১২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক করতোয়া, বগুড়া (মাধ্যম : জেলা প্রতিনিধি, পঞ্চগড়)। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় (৩ কলাম X ৭ ইঞ্চি) = ২১ ইঞ্চি ০১ (এক) দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।



সাবিনা ইয়াসমিন
জেলা প্রশাসক
পঞ্চগড়

পাথর মহাল ইজারা সংক্রান্ত শর্তাবলী :


০১	বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ পর্যন্ত প্রতি দরপত্রের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি (সিডিউলের মূল্য) বাবদ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো ঢাকা এর অনুকূলে কোড নং-১/৪২৪১/০০০০/২৬৮১ -এ ট্রেজারি চালানোর মাধ্যমে জমা প্রদানপূর্বক চালানোর মূল কপি দাখিল সাপেক্ষে জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/বোদা/দেবীগঞ্জ হতে দরপত্র (সিডিউল) পাওয়া যাবে।
০২	প্রতিটি পাথর কোয়ারীর জন্য পৃথক-পৃথক দরপত্র সীলমোহরকৃত খামে নির্ধারিত দিনপঞ্জি মোতাবেক দাখিল করতে হবে। খামের উপরে বিবেচ্য পাথর কোয়ারীর নাম স্পষ্টভাবে লিখতে হবে। দরপত্রের সাথে ট্রেড লাইসেন্স (হালনাগাদকৃত), ড্যাটের কাগজ, টিআইএনসহ আয়কর প্রদানের সনদপত্র, তফসিলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে।
০৩	জেলা প্রশাসক, পঞ্চগড় এর অনুকূলে দরদাতা কর্তৃক দাখিলকৃত দরের ২৫% হিসেবে আর্নেস্টম্যানি জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। যোগ্য দরদাতা কর্তৃক আর্নেস্টম্যানি বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ কার্যালয়ে রক্ষিত থাকবে। যা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা হতে কোয়ারী ইজারা মঞ্জুরীপত্র ও কার্যাদেশ প্রাপ্তির পর ফেরত প্রদান করা হবে। তবে নির্ধারিত সময়ের মধ্যে মোট ইজারা অর্থ জমা দানে ব্যর্থ হলে বিধি অনুযায়ী তা সরাসরি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেস্টম্যানি ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ফেরত প্রদান করা হবে।
০৪	যে সকল পাথর কোয়ারীর উপর মন্ত্রণালয়/উচ্চ আদালত/দেওয়ানী আদালত বা অন্য কোন আদালত কর্তৃক স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল পাথর কোয়ারীর ইজারা স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর বিধি মোতাবেক পরবর্তী ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এ জন্য দেৱীতে দখল বুঝে পাওয়ার অজুহাত দেখিয়ে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধির আবেদন সকল আদালতে আইনত অগ্রাহ্য হবে। এছাড়া কোন মহালের দাগের উপর মন্ত্রণালয়/উচ্চ আদালত/দেওয়ানী আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় থাকলে তা উল্লেখ করা না হলেও তা ইজারা বহির্ভূত থাকবে।
০৫	দরপত্রে উল্লিখিত দর অংকে ও কথায় লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি ও ঘষামাজা করা যাবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
০৬	সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হওয়ার পর সরকার কর্তৃক ইজারা অনুমোদিত হলে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তাকে ইজারা মূল্যের অর্থসহ প্রদত্ত দরের উপর ১৫% ভ্যাট এবং ৫% আয়কর প্রদান করতে হবে। বিধি অনুযায়ী পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা এর সাথে নিজ দায়িত্বে কোয়ারী ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদন করত: ব্যুরো হতে ইজারা মঞ্জুরীপত্র ও কার্যাদেশ দেয়া হবে। যথাসময়ে সম্পূর্ণ ইজারামূল্য ও সরকারি অন্যান্য পাওনাদি পরিশোধে ব্যর্থতায় দাখিলকৃত আর্নেস্টম্যানি বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৭	অনুমোদিত দরদাতা কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত পাথর কোয়ারী অন্যের নিকট সাব-লীজ প্রদান করতে পারবেন না।
০৮	কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বাস্তবতার নিরিখে পাথর কোয়ারীর তফসিলি হ্রাস বা বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
০৯	দরপত্র যে পর্যায়ে যে সময়ে আহ্বান করা হোক না কেন তা ইজারামঞ্জুরীর তারিখ হতে ১৪২৬ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত সংশ্লিষ্ট পাথর কোয়ারীর মেয়াদ বলবৎ থাকবে। ইজারা মঞ্জুরী প্রদানে বা দখল গ্রহণে বিলম্ব হয়েছে, বৃষ্টি না হওয়া, উজান হতে পাথর আসেনি, পানি প্রবাহে বাঁধ দেয়া বা বাঁধ না ছাড়ার কারণে পাথর কোয়ারী এলাকায় পাথর জমা হয়নি এরূপ অজুহাতে ইজারার মেয়াদ বৃদ্ধি করার আবেদন দাখিল করা যাবে না। এরূপ আবেদন সকল আদালতে অগ্রাহ্য হবে।
১০	প্রত্যেক পর্যায়ে ইজারার জন্য গৃহীত দরপত্র ব্যতীত অবশিষ্ট পাথর কোয়ারীসমূহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। প্রত্যেক পর্যায়ের অ-ইজারাকৃত পাথর কোয়ারীসমূহের তালিকা পরবর্তী পর্যায়ের আবেদন ফরম ক্রয়ের পূর্বে জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড় এর রাজস্ব শাখা হতে জানা যাবে।
১১	ইজারা মঞ্জুরীর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কোয়ারীর দখল ইজারা গ্রহীতার অনুকূলে হস্তান্তর করা হবে। ইজারা মঞ্জুরীর পূর্বে কোয়ারী হতে পাথর উত্তোলন করা যাবে না। এরূপ উত্তোলন অবৈধ বলে গণ্য হবে। এ ছাড়া সরকার/কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত পরিপত্র বা আদেশ বা নির্দেশ প্রতিপালন করতে হবে।
১২	ডু-উপরিভাগ থেকে সর্বোচ্চ ৩০ ফুট গভীরতা পর্যন্ত অযান্ত্রিক পদ্ধতিতে (কোদাল, শাবল, বালতি, বুড়ি) পরিকল্পিতভাবে পিট (কুপ বা গর্ত) খনন করে বালি মিশ্রিত পাথর উত্তোলন করা যাবে।
১৩	কোয়ারীর অস্তিত্ব রক্ষা এবং পরিবেশের ভারসাম্য বজায় রাখতে বোমা মেশিন বা অন্য যে কোন যন্ত্রের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। পাথর উত্তোলন শেষে মাটি/বালি দিয়ে পুনরায় খননকৃত পিট (কুপ/গর্ত) ভরাট করে দিতে হবে। জনস্বার্থ ক্ষুণ্ণ হয় এমন কার্যক্রম হতে বিরত থাকতে হবে।
১৪	সীমান্তবর্তী মহালের ক্ষেত্রে No Mans Land বা সীমান্ত রেখার ১৫০ গজের মধ্যে কোন পাথর উত্তোলন করা যাবে না।
১৫	বালু জমাট করে কোনভাবেই নদীর গতিপথ বন্ধ করা যাবে না। নদীর তীরবর্তী এলাকায় পিট (কুপ বা গর্ত) খনন করে পাথর উত্তোলনের ক্ষেত্রে নদীর তীর ভাঙ্গন কিংবা নদীর গতিপথ পরিবর্তন হয় এমন কার্যক্রম হতে বিরত থাকতে হবে।
১৬	সড়ক, মহাসড়ক এবং নদীতে সেতু/ব্রীজ থাকলে তার উভয় পাশে ১৫০ মিটারের মধ্যে পাথর উত্তোলন করা যাবে না। যাতে সেতু/ব্রীজের ক্ষতি সাধিত হয়।
১৭	সরকারের সিদ্ধান্ত মোতাবেক নদী খনন হলে খননকালে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।
১৮	যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে দরপত্র কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র কিংবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠান দরপত্রের যে কোন শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন করতে পারবেন এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


 সাবিনা ইয়াসমিন
 জেলা প্রশাসক
 পঞ্চগড়

পঞ্চগড় জেলার ১৯টি পাথর মহালের তফসিল ও সরকারি কাঙ্ক্ষিত ইজারামূল্য :

ক্র: নং	উপজেলার নাম	পাথর মহালের নাম	মৌজার নাম	দাগ নং ও জমির পরিমাণ	মহালের মোট আয়তন (একরে)	ধার্যকৃত ইজারামূল্য
০১	পঞ্চগড় সদর	করতোয়া নদীর পাথর মহাল-০১	পঞ্চগড়	৩৫৪২-৩.৬৫১২, ৮৫০১-২.৬৮১২, ৮৭০১-১৬.০১৬৯, ৯৯০৩-১২.৮৮৮৭, ১৩৬২০-০.৬২৬২, ১৪১৫৭-০.৮২৫৬, ১৫৭০১-১.৬২৭৫, ১৭৩২৩-৩.৫১১২, ১৮৩০৫-১১.৩৬৬২, ১৮৪৭৬-০.২৭৩১, ১৮৮১৯-০.৫৩০৬, এবং ১৯০৮২-৪.১৬৬৯ একর	৬৮.১৬৫৩	২,০৭,৪৮০/-
০২	"	করতোয়া নদীর পাথর মহাল-০২	ওমরপুর, ধাক্কা মারা পুরাতন পঞ্চগড়	ওমরপুর-০১-২৮.২১০০ একর, ধাক্কা মারা-০১-২৯.৭০০০, ১২২-৭৭.৫৫০০, ৩৪১ - ৭.১৬০০, ৬৪১৩-৩.৪৬৪৪, ৬৮০১-১২.৪১৬২, ৭০০১ -৭.২৫৮৭, পুরাতন পঞ্চগড় ০২-৮.১৬৬০, ১১৬-১৭.০০৮৭, ২০২-৫.৯৬৪৪, ১৭১৩-৫.০৪৮১, ১৯৬১-১৪.১৩৬৯, ২১০২-২৭.৬৭৫০, ২২০৩-১৯.৩৯৬৯ একর	২৬৩.১৫৫৩	৬,৭৪,৩১০/-
০৩	"	তালমা নদীর পাথর মহাল-০১	সর্দারপাড়া নিজামাবাদ মোলানী	সর্দারপাড়া - ২৪১৫-১৮.১১ একর, নিজামাবাদ ৫৮২৪-১৫.৫০ একর এবং মোলানী -৩৩৭৫-১০.০৬, ৩৩৮৯ - ১৮.৭৬ একর	৬২.৪৩	২,৫৯,৩৫০/-
০৪	"	তালমা নদীর পাথর মহাল-০২	মধুপাড়া	৫২০-২৫.৮০, ১৭৯৬-৩.৭১, ১৮০৬-০.৩৯, ১৮১১-৪.১১, ১৮১৩-১১.৩৭ এবং ১৮১৪-০.৫৪ একর।	৪৫.৯২	১,৭৬,৩৫৮/-
০৫	"	তালমা নদীর পাথর মহাল-০৩	ইসলামপুর	৮৩৯-৮.৭০, ১৫২৬-০.৬০, ২৩৩৩-৩.২১, ২৩৩৪-০.৬২ এবং ২৩৩৫ -০.৩৯ একর	১৩.৫২	১,২৪,৪৮৮/-
০৬	"	চাওয়াই নদীর পাথর মহাল-০১	ওমরপুর	১২০১-৫৬.২৫, ২১৯১-১৪.২৮, ২৮০১-২৩.৫৬, ৩০৫৪-১৮.৬৩, ৩০৯৩ -৭.১৮, ৩১০২-১৬.০৫, ৩২৪২-৩৫.৮৯ এবং ৩২৪৪-১৩.৯৫০০ একর।	১৮৫.৭৯	৩,৬৩,০৯০/-
০৭	"	চাওয়াই নদীর পাথর মহাল-০২	প্রধানপাড়া	৩৪২৪ -৪.২৭ এবং ২৯৫১-০.৩৯ একর	৪.৬৬	৫৭,৪৫৬/-
০৮	"	শিমুলগুড়ি নদীর পাথর মহাল	ধাক্কা মারা	১০৯০৩-৩.৩৮৮২, ১৩৮০৪ -৮.৯৪৬৯ , ১৪৪১৬-৮.৪২৮৩, ১৪৬০৪-২.৩০৮৭, ১৪৮২০-১.০৬০০ এবং ১৫০০৫ -২.০৪৪৪ একর	২৬.১৭৬৫	১,০৬,৭০৪/-
০৯	বোদা	ঘোড়ামারা নদীর পাথর মহাল	নাওতরী নবাবগঞ্জ, আঃ মাড়িয়া উত্তর টোকরাভাসা এবং মহিষাখান	নাওতরী নবাবগঞ্জ ১৯৭৩-২.৭৩, ২০০১-৩.৮০, ২১৬৩-১৯.৪২, ২৯৪৬-৭.৭৬, ৪৭-৩.৩২, ১১৪০- ৪.৮১, ২০৩৬ -৪.৫৯, ১২৪৮-৩৬.৩৫ , আঃ মাড়িয়া ২৫৫৫-৩২.১৬, ৩৪৪৬-১৬.৫০, উত্তর টোকরাভাসা ১৯৪-২.৮৬, ১৯২ -৫.০৩, মহিষাখান ৪২২-৫.৮৩, ৪৩১-৪.৩৫, ৪৩৬-৪.৬১, ৬১৯-৮.১৫, ৬১৮-০.৩০, ৬১৬-০.৩০ এবং ৬১৪-০.২১ একর।	১৬১.৬৩	১,৫৩,২১৬/-
১০	বোদা	করতোয়া নদীর পাথর মহাল	ডানাকাটা, মাড়িয়া কমলাপুখুরী শিকারপুর সুভাসুজন নন্দরাম মন্ডল	ডানাকাটা ১৯৬৩-১.৪০, মাড়িয়া কমলাপুখুরী ৬২৮৫/৬৪৬০-২.৪৪, ৫৮৪৯/৬৪৫৯-৪.৪২ এবং ৫৮৫৯/৬৪৫৮-২.৭৬ একর, শিকারপুর- ১০৫৮-২৪.১৪ একর, সুভাসুজন-৭৬২-৮.৫০, ৮৬৬-৫.৯০, ৭৬৮-৪.৪০ এবং ১৪০২-৪৮.৬০ একর, নন্দরাম মন্ডল- ২৬৭-০.০৭, ২৬৬-০.০৮, ২৭০-০.০৮, ২৭৭-০.৫৬ এবং ২৮৯-০.২০ একর।	১০৩.৫৫	৩,৫২,৭১৬/-

ক্র: নং	উপজেলার নাম	পাথর মহালের নাম	মৌজার নাম	দাগ নং ও জমির পরিমাণ	মহালের মোট আয়তন (একরে)	ধার্যকৃত ইজারামূল্য
১১	দেবীগঞ্জ	করতোয়া নদীর পাথর মহাল	শালডাংগা অমরখানা, দেবীডুবা দারারহাট আরাজী সুন্দরদীঘি ছলিমনগর মল্লিকাদহ সোনাপোতা সুলতানপুর দেবীগঞ্জ খুটামারা মালচন্ডি	শালডাংগা ৪০৭২-৩.৫৪, ৪১২৬-১৩.০৪, ৪২৫৪-৭৯.৪৪ অমরখানা ২৫৭-৬.৯৬ দেবীডুবা-৩২৪৭-৬৬.৯৮, দারারহাট ৮০১-৩৮.০০, ৩০৩৪-২৩.৪৩, ২৩৪৯-৭.৭০ আরাজী সুন্দরদীঘি ১৪৫৫-৫.৮০, ১৪৫৬-২৫.৬১ ছলিম নগর ১০৪-৮৩.৮৪, মলিকাদহ ৫২০৩-৪.৬৮, ৫৪০০-৩০.৭৯ সোনাপোতা ৫৮২৮-২৩.৭১, ৫৯৫৩-৪.৯৮, সুলতানপুর ২৪৫৪-১৮.২০, ২৪৫৮-১৬.৪৩ দেবীগঞ্জ ১০২-৯.৬০, ১০৭-৩.৩৮, ১১৫-৭.০০, ১২৫০-৯.১৩, ১১১-৩৩.১৭, খুটামারা ৫৬৫৪-৮.৭০ মালচন্ডি ২৫০২-৩.৯৭, ২৫০৩-১.৬০, ১২-০.২২, ১৩-১০.০৩ এবং ১৮-০.৯৩ একর।	৫৪০.৮৬	৭,৪৬,৯২৮/-
১২	তৈতুলিয়া	ভদ্রেশ্বর সাও নদীর পাথর মহাল	ভদ্রেশ্বর	০১ - ৫৭.৩২ একর।	৫৭.৩২	৩,৯৪,২১২/-
১৩	"	ডাহক নদীর পাথর মহাল	বুড়াবুড়ি	১০৩-৩.২৮, ৩১২-৬.০৩, ৩৬৪-২.৮২, ১১১/৩৮৪-০.৯৩, ৩৯১-০.৭৪, ০১-৪.৮২, ১৪২-০.১৪, ১৬৮-২.১৪, ২৪৩-১৯.৮৮ এবং ৬০২-১.৬৬ একর	৪২.৪৪	৪,০২,১৯২/-
১৪	"	মহানন্দা নদীর পাথর মহাল-০১	বাংলাবান্দা	১৭৪ ৭৪৩ ৫২.৬৬ একর	৫২.৬৬	৬,৯৫,০৫৮/-
১৫	"	মহানন্দা নদীর পাথর মহাল-০২	খানকি কিসমত	৯৭-২৯.৪০ একর	২৯.৪০	৬,৭৪,৩১০/-
১৬	"	করতোয়া নদীর পাথর মহাল-০১	ভজনপুর	২৭০২-৩.৩৫, ৩৬৫৭-২৩.৩৭ একর	২৬.৭২	৪,৭৮,৮০০/-
১৭	"	করতোয়া নদীর পাথর মহাল-০২	ভজনপুর দেবনগর	১২৬৫-০৯.৮৪ একর	০৯.৮৪	১,৬৪,১৬০/-
১৮	"	করতোয়া নদীর পাথর মহাল-০৩	ঝাড়বাড়ী	১৮২৬ -২৩.০৬ একর।	২৩.০৬	৪,৩০,৯২০/-
১৯	"	করতোয়া নদীর পাথর মহাল-০৪	ময়নাগুড়ি	০১-২৬.৯৬ এবং ২৪৪১ -২৫.৭০ একর।	৫২.৬৬	৩,৮৩,০৪০/-


 সাবিনা ইয়াসমিন
 জেলা প্রশাসক
 পঞ্চগড়